কালের কণ্ঠ

তারিখ 01 FEB 2016
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

পরীক্ষার্থীদের সুবিধার্থে মন্ত্রিসভা বৈঠক সরিয়ে নিলেন প্রধানমন্ত্রী

# আজ এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু

**নিজস্ব প্রতিবেদক ▷**

সারা দেশে একযোগে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আজ সোমবার। প্রথম দিনে অনুষ্ঠিত হবে এসএসসির বাংলা প্রথম পত্র, মাদ্রাসা বোর্ডের কুরআন মাজিদ ও তাজবিদ এবং কারিগরি বোর্ডের এসএসসি ভোকেশনালে বাংলা-২ ও দাখিল ভোকেশনালে বাংলা-২ (সৃজনশীল) বিষয়ের পরীক্ষা। সকাল ১০টায় এ পরীক্ষা শুরু হবে।

পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার কথা বিবেচনা করে আজকের মন্ত্রিসভার বৈঠকের স্থান ও সময় পরিবর্তন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রিসভার আজকের নিয়মিত বৈঠক সচিবালয়ের পরিবর্তে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে সকাল ১০টার বদলে সাড়ে ১০টায়। প্রধানমন্ত্রীর উপ-প্রেসসচিব আশরাফুল আলম খোকন এ তথ্য জানিয়েছেন।

এদিকে আগের মতো এবারও পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে যাবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। মন্ত্রী আজ সকাল ১০টায় রাজধানীর তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্র পরিদর্শন করবেন বলে মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, এবার

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৬

## আজ এসএসসি

▶▶ প্রথম পৃষ্ঠার পর

এসএসসি ও সমমানের পরীক্ষায় আটটি সাধারণ শিক্ষা বোর্ডসহ ১০টি বোর্ডে মোট পরীক্ষার্থী ১৬ লাখ ৫১ হাজার ৫২৩ জন। এর মধ্যে শুধু এসএসসি পরীক্ষার্থী ১৩ লাখ চার হাজার ২৭৪ জন। এবার ২৮ হাজার ১১৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নিচ্ছে। তিন হাজার ১৪৩টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিদেশের আটটি কেন্দ্রেও ৪০৪ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এবার বাংলা দ্বিতীয় পত্র এবং ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র ছাড়া সব বিষয়ে সৃজনশীল প্রশ্নে পরীক্ষা হবে। এবারই প্রথম বিশেষ চাহিদাসম্পন্ন (অটিস্টিক ও ডাউন সিনড্রোম বা সেরিব্রাল পালসি আক্রান্ত) পরীক্ষার্থীরা ৩০ মিনিট অতিরিক্ত সময় পাবে। একই সঙ্গে পরীক্ষার কক্ষে তাদের অভিভাবক বা শিক্ষক বা সাহায্যকারী নিয়ে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হয়েছে। তবে অন্য বছরের মতো এবারও প্রতিবন্ধী শিক্ষার্থীরা অতিরিক্ত ২০ মিনিট সময় পাবে। পরীক্ষাসূচি থেকে জানা যায়, এসএসসির তত্ত্বীয় পরীক্ষা চলবে ৮ মার্চ পর্যন্ত। আর ব্যবহারিক পরীক্ষা হবে ৯ থেকে ১৪ মার্চ পর্যন্ত। সকালের পরীক্ষা অনুষ্ঠিত হবে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত। আর বিকেলের পরীক্ষা অনুষ্ঠিত হবে দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। এবার প্রথমে বহুনির্বাচনী (এমসিকিউ) এবং পরে সৃজনশীল ও রচনামূলক পরীক্ষা অনুষ্ঠিত হবে। উভয় পরীক্ষার মধ্যে ১০ মিনিট সময়ের ব্যবধান থাকবে।

**মন্ত্রিসভা বৈঠকের স্থান-সময় পরিবর্তন** : এসএসসি ও সমমানের পরীক্ষা একযোগে শুরু হচ্ছে আজ সকাল ১০টায়। আর মন্ত্রিসভা বৈঠক শুরু হবে সকাল সাড়ে ১০টায়। অন্যান্য সময় মন্ত্রিসভা বৈঠক শুরু হয় সকাল ১০টায়। নিরাপত্তার কারণে প্রধানমন্ত্রীর যাতায়াতের সড়ক সাময়িক বন্ধ রাখা হয়। এতে সৃষ্টি হয় যানজট।

প্রধানমন্ত্রীর উপ-প্রেসসচিব আশরাফুল আলম খোকন কালের কণ্ঠকে বলেন, মন্ত্রিসভা বৈঠক সচিবালয়ের পরিবর্তে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীরা পরীক্ষার হলে প্রবেশ করার পর প্রধানমন্ত্রী গণভবন থেকে বের হবেন। পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে প্রধানমন্ত্রী এ সিদ্ধান্ত নিয়েছেন।